

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১১. ৬. দাউদের কসম-ভঙ্গ

শৌল বা তালুত দাউদকে হত্যার জন্য অনেক চেষ্টা করলেও দাউদ নিজে তালুতের প্রতি মমতা প্রদর্শন করতেন; কারণ তালুত ছিলেন ঈশ্বরের অভিষিক্ত, অর্থাৎ মাসীহ বা খ্রিষ্ট (anointed, Messiah, Christ)। তালুত দাউদের হাতে ধরা পড়লেও তিনি তাঁকে হত্যা না করে বলেন: "আমার প্রভুর বিরুদ্ধে হাত তুলব না, কেননা তিনি মাবুদের অভিষিক্ত ব্যক্তি"। (১ শমূয়েল ২৪/১০, মো.-১৩)। তখন তালুত তাঁর সন্তানদের জন্য নিরাপত্তা চেয়ে বলেন: "এখন তুমি মাবুদের নামে আমার কাছে এই কসম খাও যে, তুমি আমার পরে আমার বংশধরদের ধ্বংস করবে না... দাউদ তালুতের কাছে সেই কসমই খেলেন।" (১ শমুয়েল ২৪/২১-২২, মো.-০৬)

এ কসম দাউদ অকাতরে ভেঙ্গে ফেলেন। দাউদ তালুতের পুত্র যোনাথনের কাছে অনুরূপ কসম করেছিলেন (১ শামুয়েল ২০/১৪-১৭)। দাউদ যোনাথনকে দেওয়া কসম রক্ষা করলেন। তবে তালুতের কাছে করা কসম অকাতরে ভঙ্গ করে তালুত বংশের অসহায় ৭ জনকে হত্যা করেন। তালুত গিবীয়োনীয়দের অনেক মানুষ হত্যা করেছিলেন। এর শাস্তি হিসেবে ঈশ্বর তালুতের বংশধরদেরকে গিবীয়োনীয়দের হাতে তুলে দেওয়ার ব্যবস্থা দেন। দাউদ তাদেরকে গিবীয়োনীদের হাতে তুলে দিলে তারা তাদেরকে হত্যা করে লাশগুলো ফেলে রাখে। (২ শম্য়েল ২১/১-৯)

এ প্রসঙ্গে গ্যারি ডেভানি লেখেছেন:

"Do you remember in I Samuel 24:22-23 when Saul said to David: Swear to me, by God, that you will not destroy my descendants. Didn't David swear to Saul his oath? Wasn't that oath to God? Yes, and here, David broke it. What do you now believe concerning King David's integrity, by God? Is this a prime example of the Judeo-Christian ethic?" "আপনার কি ১ শম্য়েল ২৪/২৩-২৪-এর কথা মনে আছে, যেখানে শৌল দাউদকে বলেন, ঈশ্বরের নামে শপথ কর যে, তুমি আমার বংশধরদের ধ্বংস করবে না? দাউদ কি তখন শৌলকে এ প্রতিজ্ঞা প্রদান করেননি? এটা কি ঈশ্বরকে দেওয়া প্রতিজ্ঞা ছিল না? হাঁ। আর এখানে দাউদ তা ভঙ্গ করলেন। দাউদের সততা বিষয়ে আপনার ধারণাটা এখন কেমন? ঈশ্বরের দ্বারা? এটাই কি ইহুদি ও খ্রিষ্টধর্মীয় নৈতিকতার একটা চূড়ান্ত নমুনা?"[1]

## ফুটনোট

[1] I Samuel and Saul: http://www.thegodmurders.com/id45.html



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন